

সিনি হত্যাকাণ্ড

ক্যাম্পাসে ছাত্রলীগের বিক্ষোভ

সমাবেশ ॥ ছাত্র

ইউনিয়নের স্মারকলিপি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বুয়েট ছাত্রী সিনি হত্যাকাণ্ডের আট দিন পরও পুলিশ মূল নায়ক মুক্তি ও টগরকে গ্রেফতার করতে পারেনি। অন্যদিকে এই ঘটনায় প্রতিবাদ সমাবেশ অব্যাহত রয়েছে। সিনি হত্যাকারীদের গ্রেফতার ও বিচারের দাবিতে ছাত্রলীগ শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করেছে। ছাত্র ইউনিয়ন একই দাবিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে স্মারকলিপি দিয়েছে। ছাত্রলীগ যথুয় ক্যান্টিন থেকে মিছিল বের করে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে কলাভবনের প্রধান ফটকে সমাবেশ করে। সমাবেশে সভাপতিত্ব করেন সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি মাক্কা আক্তার পপি। বক্তব্য রাখেন সাইফুজ্জামান শিখর, বলরাম পোন্দার, আশরাফুল আজিম রুবন, মিহিরকান্তি ঘোষাল, পনিরুজ্জামান, খলিলুর রহমান, একেএম আজিম প্রমুখ। ছাত্র ইউনিয়ন ক্যাম্পাসে মিছিল-সমাবেশ শেষে একটি প্রতিনিধি দল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে গিয়ে স্মারকলিপি দেয়। স্মারকলিপিতে বলা হয়, বুয়েট ছাত্রদের সন্ত্রাস নতুন নয়। ইতোপূর্বে তারা চাঁদাবাজি, ইউকসুর নির্বাচিত প্রতিনিধিকে অব্যাহত ঘোষণা, ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদককে অপহরণ ও প্রাণনাশের হুমকি ইত্যাদি ঘটনা ঘটিয়েছে। সরকার কিংবা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তখন তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা না নেয়ার ফল হলো সিনি হত্যাকাণ্ড।

স্মারকলিপিতে মানুষের জানমালের নিরাপত্তায় কোন দরবেশসুলভ বক্তব্য কিংবা নাটকের অবতারণা না করে অবিলম্বে খুনিদের গ্রেফতার এবং সাধারণ ছাত্রদের হয়রানি বন্ধের দাবি জানানো হয়।

স্মারকলিপি দেয়ার আগে অপরাধের বাংলার পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন শরিফুজ্জামান শরিফ, নাজেমুল হক রুবেল, রাজু আহমেদ প্রমুখ।